

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯৯৬

১/ বিবিধ

আরবী

أثبتكم على الصراط أشد حبا لأهل بيتي وأصحابي

موضوع

الدلمي (1 / 1 / 84) من طريق أبي نعيم عن الحسين بن علان: حدثنا أحمد بن حماد بن سفيان حدثنا الحسين بن حمران. حدثنا القاسم بن بهرام عن جعفر بن محمد عن أبيه عن علي مرفوعا قلت: وهذا إسناد ضعيف جدا، القاسم بن بهرام قال الذهبي: " له عجائب عن ابن المنكدر، وهاه ابن حبان وغيره ". والحسين بن حمران ومن دونه لم أعرفهم، لكن قال في " الفيض ": " وهو ضعيف، وسببه أن فيه الحسين بن علان، قال في " اللسان " عن أصله كابن الجوزي: وضع حديثا عن أحمد بن حماد ". قلت: ولم أجد هذا في " اللسان "، ولا في أصله "

الميزان "، ولا في " الموضوعات " لابن الجوزي. فإله أعلم. ثم وجدته في " (الحسن بن علان) - " اللسان " (2 / 221). ومن عجائبه - أعني المناوي - أنه ينقل اتهام ابن علان بالوضع، ثم يقتصر على تضعيف الحديث كما رأيت، وكذا في كتابه الآخر: " التيسير "! وللحديث طريق أخرى عن جعفر بن محمد به. وفيه متهم عند ابن عدي (6 / 2303) وهو ابن الأشعث المتقدم تحت الحديث (1795) ولم يتكلم المناوي عليها

بشيء

বাংলা

১৯৯৬। তোমাদের মধ্যে পুলসিরাতেৰ উপৰ বেশী স্থিতিশিলতা অৰ্জন কৰবে সেই ব্যক্তি যে আমাৰ আহলেবাইত এবং আমাৰ সাথীগণকে বেশী ভালোবাসবে।

হাদীসটি বানেয়াট।

এটিকে দাইলামী (১/১/৮৪) আবু নুয়াইম সূত্ৰে হুসাইন ইবনু আলান হতে, তিনি আহমাদ ইবনু হাম্মাদ ইবনু সুফইয়ান হতে, তিনি হুসাইন ইবনু হুমরান হতে, তিনি কাসেম ইবনু বাহরাম হতে, তিনি জা'ফাৰ ইবনু মুহাম্মাদ হতে, তিনি তাৰ পিতা হতে, তিনি আলী (রাঃ) হতে মাৰফু' হিসেবে বৰ্ণনা কৰেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুৰ্বল। কাসেম ইবনু বাহরাম সম্পর্কে হাফিয যাহাবী বলেনঃ ইবনুল মুনকাদির হতে বর্ণিত তাৰ আজব আজব বিষয় রয়েছে। ইবনু হিব্বান প্রমুখ তাকে দুৰ্বল আখ্যা দিয়েছেন। আৰ হুসাইন ইবনু হুমরান এবং তাৰ নিচের বর্ণনাকারীদেরকে আমি চিনি না। তবে মানবী "আলফায়েয" গ্রন্থে বলেনঃ এটি দুৰ্বল। এর কারণ এর মধ্যে হুসাইন ইবনু আলান রয়েছে। হাফিয ইবনু হাজার "আললিসান" গ্রন্থে তাৰ মূলের উদ্ধৃতিতে বলেন যেমন ইবনুল জাওযী; তিনি আহমাদ ইবনু হাম্মাদের উদ্ধৃতিতে একটি হাদীস জাল কৰেছেন।

আমি (আলবানী) বলছিঃ "আললিসান" গ্রন্থে এটি আমি পাচ্ছি না। "আলমীযান" গ্রন্থেও পাচ্ছি না, ইবনুল জাওযীর "আলমাওয়য়াত" গ্রন্থেও পাচ্ছি না। আল্লাহই বেশী জানেন। অতঃপর আমি উক্ত কথা হাসান ইবনু আলানের ব্যাপারে "আললিসান" গ্রন্থে (২/২২১) পেয়েছি।

মানবীর আজব ব্যাপার হচ্ছে এই যে, তিনি ইবনু আলানকে জাল করার দোষে দোষী এ বিষয়টি নকল করার পরেও তিনি শুধুমাত্র হাদীসটিকে দুৰ্বল আখ্যা দিয়েছেন যেমনটি দেখছেন। অনুরূপভাবে তিনি তাৰ "আততায়সীর" গ্রন্থেও একই কাৰবার কৰেছেন।

হাদীসটির জাফৰ ইবনু মুহাম্মাদ হতে আৰেকটি সূত্ৰ রয়েছে। যাৰ মধ্যে ইবনু আদীর নিকট অপবাদপ্রাপ্ত ব্যক্তি (৬/২৩০৩) হচ্ছেন ইবনুল আশয়াস। যাৰ সম্পর্কে (১৭৯৫) নম্বৰ হাদীসের মধ্যে আলোচনা করা হয়েছে। কিন্তু মানবী এ ব্যাপারে কিছুই বলেননি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72879>

হাদিসবিডিৰ প্রজেক্টে অনুদান দিন